

# ১৮ বছরেও এমপিওভুক্ত হয়নি পীরগঞ্জের ৪০ শিক্ষা প্রতিষ্ঠান

■ পীরগঞ্জ (ঠাকুরগাঁও) প্রতিনিধি  
এমপিওভুক্তির সব নীতিমালা অনুসরণ করলেও পীরগঞ্জ উপজেলার ৪০ শিক্ষা প্রতিষ্ঠান ১৮ বছর ধরে এমপিওভুক্ত হয়নি। এসব প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা পরিবার-পরিজন নিয়ে মানবেতর জীবন যাপন করছেন। জীবন বাঁচাতে অনেক শিক্ষক-কর্মচারী বর্তমানে দিনমজুরিসহ বিভিন্ন পেশা বেছে নিচ্ছেন। এসব প্রতিষ্ঠানের জনবল হচ্ছে প্রায় চারশ'। এমপিওভুক্ত না হওয়ায় অপেক্ষার প্রহর গুনতে গুনতে এরই মধ্যে বন্ধ হওয়ার উপক্রম ১৪টি প্রতিষ্ঠান।

এগুলো হলো- পীরগঞ্জ আদর্শ নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়, বেগুনগাঁও বিদ্যালয়, পটুয়াপাড়া বিদ্যালয়, বাশবাড়ী বিদ্যালয়, শিমুলবাড়ী দাখিল মাদ্রাসা, জনগাঁও কারিগরি উচ্চ বিদ্যালয়, খামার সেনুয়া দাখিল মাদ্রাসা, দক্ষিণ কাচনডুমুরিয়া মহিলা দাখিল মাদ্রাসা, লোহাগাড়া দাখিল মাদ্রাসা, ভাদুয়া বালিকা বিদ্যালয়, যুঘুয়া মেহেরুন নেছা দাখিল মাদ্রাসা, এসএন বালিকা বিদ্যালয়, বৈরচুনা মাদ্রাসা ও পটুয়াপাড়া দাখিল মাদ্রাসা।

এলাকার সচেতন ব্যক্তিরা শিক্ষার প্রসার ও জাতিকে শিক্ষিত করতে নিজ জমি, অর্থ ও শ্রম দিয়ে স্কুল, কলেজ, মাদ্রাসা প্রতিষ্ঠান এলাকায় স্থাপন

করেন। প্রতিষ্ঠানগুলো প্রয়োজনীয় অবকাঠামোসহ আনুষঙ্গিক উপযুক্ততা, যথোপযুক্ত পাঠদানের ফলে ভালো ফল এবং এমপিওভুক্তির সব নীতিমালা অনুসরণ করে।

শিক্ষা মন্ত্রণালয় মোখিত সব শর্ত পূরণ করেও এমপিওভুক্ত হয়নি এসব প্রতিষ্ঠান। আগামী দু-তিন বছরের মধ্যে এমপিওভুক্ত না হলে অটরেই বন্ধ হয়ে যাবে আরও অনেক প্রতিষ্ঠান। এমপিওভুক্ত হওয়ার আশায় সরকারের দিকে তীর্থের কাকের মতো চেয়ে আছেন শিক্ষক-কর্মচারীরা। তারা সরকার-প্রদত্ত বেতন-ভাতা না পেয়েও প্রতিষ্ঠানগুলোর কাজ চালিয়ে যাচ্ছেন।

এসব স্কুলের মধ্যে রয়েছে- বীরহলী উচ্চ বিদ্যালয়, শহীদ আতিউর নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, বিএস উত্তম, একান্নপুর আদর্শ, এইচএ বিদ্যালয়, খনগাঁও বিশ্বাসপুর বালিকা বিদ্যালয়, সিন্দাগর বালিকা বিদ্যালয়, খামার সেনুয়া, কোষাডবানীপুর বালিকা বিদ্যালয়, গনিরহাট বিদ্যালয়, বৈরচুনা সরকারপাড়া বিদ্যালয়, শহীদ স্মৃতি মাধ্যমিক বালিকা কারিগরি অ্যাড বিএম কলেজ, চন্দরিয়া মডেল কারিগরি উচ্চ বিদ্যালয়।

মাদ্রাসাগুলো হলো- বেগুনগাঁও মাদ্রাসা, মহাম্মদপুর মাদ্রাসা, ইসলামপুর মাদ্রাসা,

নারায়ণপুর মহিলা মাদ্রাসা, কানাড়ী মাদ্রাসা, বড়বাড়ী বোলদিয়ারা মাদ্রাসা, ভোয়াদহ ইসলামিয়া মাদ্রাসা, ধুমনিয়া হাজিগাড়া মাদ্রাসা এবং কলেজগুলো হলো- পীরগঞ্জ আদর্শ কলেজ, বাশগাড়া আইডিয়াল কলেজ, নওডাঙ্গা মহাবিদ্যালয়, বিশমাইল টেকনিক্যাল অ্যাড বিএম কলেজ, পীরগঞ্জ উইমেল টেকনিক্যাল অ্যাড বিএম কলেজ ও পালিগাঁও টেকনিক্যাল অ্যাড বিএম কলেজ।

শহীদ আতিউর রহমান নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোয়াজ্জেম আখতার জানান, আর কিছুদিন পর তার চাকরির বয়সই শেষ হয়ে যাবে। তার পরও মনে হয় এমপিওভুক্ত হবেন না।

এমপিওভুক্তির ব্যাপারে ঠাকুরগাঁও-৩ আসনের এমপি ইয়াসিন আলী জানান, এরই মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানগুলোর এমপিওভুক্তির জন্য যথাযথ কর্তৃপক্ষের কাছে নামের তালিকা জমা দেওয়া হয়েছে।

৩০১ সংরক্ষিত নারী আসনের (ঠাকুরগাঁও ও পঞ্চগড় জেলা) সংসদ সদস্য সেলিনা জাহান লিটা জানান, এ সরকারের আমলে ননএমপিওভুক্ত প্রতিষ্ঠানগুলো এমপিওভুক্ত হবে আশা করি।